NEW YORK STATE OF OPPORTUNITY. | Workers' Compensation Board

থামার শ্রমিক আদর্শ শ্রম চর্চা আইন

থামার শ্রমিকদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য: জানুয়ারি 1, 2020 হতে, খামার শ্রমিক আদর্শ শ্রম চর্চা আইন খামার শ্রমিকদের জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে, যাতে অন্তর্ভুক্ত রয়েছে নতুন সুবিধার আবশ্যকতা ও শ্রমিকদের ক্ষতিপূরণ, অক্ষমতা সুবিধা এবং সবেতন পারিবারিক ছুটির সাথে সম্পর্কিত অন্যান্য পরিবর্তনসমূহ। আপনার সুবিধা ও অধিকার সম্পর্কে জানতে পড়ুন।

শ্রমিকদের ক্ষতিপূরণ: কর্মক্ষেত্রে আঘাত বা অসুস্থতার জন্য

কাজের কারণে আপনি আহত বা অসুস্থ হলে এর জন্য হারানো মজুরি সুবিধা এবং স্বাস্থ্যসেবা শ্রমিকদের ক্ষতিপূরণ প্রদান করে। সাধারণত, সকল কর্মচারী শ্রমিকদের ক্ষতিপূরণের আওতাভুক্ত রয়েছেন।

হারানো মজুরি সুবিধা

শ্রমিকদের ক্ষতিপূরণে হারানো মজুরি সুবিধা হল আপনার সাপ্তাহিক গড় মজুরির (AWW) দুই-তৃতীয়াংশ এর সাথে আপনার অক্ষমতার মাত্রার গুণফলের পরিমাণ, যা হচ্ছে আপনি কতটা অক্ষম তার একটি শতকরা পরিমাণ (বোর্ড-অনুমোদিত চিকিৎসা প্রদানকারী দ্বারা নির্ধারিত)। শ্রমিকদের ক্ষতিপূরণের ক্ষেত্রে, ওভারটাইম এবং অন্যান্য ক্ষতিপূরণসহ, আহত বা অসুস্থ হওয়ার তারিখের পূর্বে 52 সপ্তাহের জন্য আপনার মোট উপার্জনের উপর AWW নির্ভর করে।

আপনার AWW এর দুই-তৃতীয়াংশ দ্বারা অক্ষমতা সুবিধার সাথে গুণ = সাপ্তাহিক সুবিধা

বিঃদ্রঃ: শ্রমিকদের ক্ষতিপূরণ বাবদ পাওনা হারানো মজুরির উপর কোনো ট্যাক্স/কর নেই।

সর্বনিম্ন সাপ্তাহিক হারানো মজুরি সুবিধার পরিমাণ হচ্ছে $150 এবং যে বছরে আপনি আহত বা অসুস্থ হয়েছেন সেই বছরের উপর নির্ভর করে সর্বোচ্চ সুবিধা নিধারিত হয়। সর্বোচ্চ সাপ্তাহিক সুবিধা প্রতি জুলাই মাসের 1 তারিখ গণনা করা হয় এবং তা NYS ডিপার্টমেন্ট লেবার কর্তৃক নির্ধারিত স্টেটব্যাপী সাপ্তাহিক গড় মজুরি (SAWW) এর উপর নির্ভর করে।

আঘাত/অসুস্থতার তারিখ	সর্বোচ্চ পরিমাণ
জুলাই 1, 2019 – জুন 30, 2020	$934.11
জুলাই 1, 2018 – জুন 30, 2019	$904.74
জুলাই 1, 2017 – জুন 30, 2018	$870.61
জুলাই 1, 2016 – জুন 30, 2017	$864.32
জুলাই 1, 2015 – জুন 30, 2016	$844.29
জুলাই 1, 2014 – জুন 30, 2015	$808.65

আপনি কতটুকু সময় কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকেন তার উপর নির্ভর করে হারানো মজুরি সুবিধাতে কিছু সীমাবদ্ধতা রয়েছে:

- **সাত দিন বা তার কম:** আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ হারানো মজুরি সুবিধা পাবেন না।
- **আট থেকে 14 দিন:** বাদ পড়া অষ্টম দিন থেকে শুরু করে আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ হারানো মজুরি সুবিধা পাবেন।
- **15 দিন বা তার বেশি:** আপনি যেদিন থেকে কাজে যেতে পারেননি তার প্রথম দিন থেকে আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ হারানো মজুরি সুবিধা পাবেন।

চিকিৎসা সুবিধা

বোর্ড-অনুমোদিত প্রোভাইডারদের মাধ্যমে কাজ-সংশ্লিষ্ট আঘাত অথবা অসুস্থতার জন্য বিনামূল্যে, সারা জীবনের জন্য শ্রমিকদের ক্ষতিপূরণ চিকিৎসা প্রদান করে। আপনি কাজ থেকে কোনো সময় না হারিয়ে বা হারালেও কিংবা হারানো মজুরি সুবিধা গ্রহণ করলেও এই চিকিৎসা পাওয়া যাবে। আপনার আঘাত অথবা অসুস্থতার সাথে সম্পর্কিত যাবতীয় চিকিৎসার খরচ, আপনার নিয়োগকারীর বিমা বাহক (অথবা স্ব-বীমাকৃত হলে আপনার নিয়োগকারী) সরাসরি স্বাস্থ্যসেবা প্রোভাইডারদের প্রদান করবে; আপনাকে নিজের পকেট থেকে কোনো অর্থ পরিশোধ করতে হবে না। চিকিৎসাজনিত কারণে ভ্রমণের জন্য আপনাকে মাইলের হিসেবে ভ্রমণভাতা, গণপরিবহন অথবা অন্যান্য খাতে ব্যয়িত অর্থ পরিশোধ করা হতেও পারে।

অক্ষমতা সুবিধা: আপনার কাজের সাথে সংশ্লিষ্ট নয় এমন আঘাত বা অসুস্থতার জন্য

আপনার কর্মক্ষেত্রের বাইরে আহত বা অসুস্থ হলে এবং কাজ করতে অক্ষম হলে, অক্ষমতা সুবিধা (DB) অস্থায়ী নগদ অর্থের সুবিধা প্রদান করে। বেসরকারি নিয়োগকারীর অধীনে কর্মরত বেশিরভাগ কর্মচারী ঐ নিয়োগকারীর জন্য চার সপ্তাহ কাজ করার পর DB সুবিধার আওতাভুক্ত হন। সরকারি নিয়োগকারীরা স্বেচ্ছায় তাদের কর্মীদের এই সুবিধা দিতে পারে।

অর্থ সুবিধা

DB অর্থ সুবিধা হচ্ছে আপনার AWW এর 50%, যা প্রতি সপ্তাহে সর্বোচ্চ $170.00 পর্যন্ত হতে পারে। DB এর জন্য, শেষ যেদিন কাজ করেছিলেন তার আগের আট সপ্তাহের কাজের বেতনের উপর AWW নির্ভর করে। টানা 52 সপ্তাহের মধ্যে অক্ষম থাকার 26 সপ্তাহ পর্যন্ত সুবিধা প্রদান করা হয়। সুবিধা পাওয়ার জন্য সাত দিন অপেক্ষা করতে হয়; অক্ষম থাকার অষ্টম দিন থেকে সুবিধা প্রাপ্তি শুরু হয়। DB অর্থ সুবিধা সোশ্যাল সিকিউরিটি করের অধীন।

সবেতন পারিবারিক ছুটি: প্রয়োজনের সময় আপনার পরিবারের যত্ন নেওয়ার জন্য

নিচের বিষয়গুলোর ক্ষেত্রে, সবেতন পারিবারিক ছুটি (PFL) চাকরি-সুরক্ষিত, সবেতন ছুটি প্রদান করে থাকে:

- **সম্পর্ক গড়ে তুলতে** সদ্য জন্ম নেওয়া, দত্তক নেওয়া বা প্রতিপালিত সন্তানের সাথে,
- **যত্ন নিতে** গুরুতর অসুস্থ পরিবারের সদস্যের জন্য অথবা
- **সহযোগিতা করতে** প্রিয় মানুষকে, যখন স্বামী বা স্ত্রী, পারিবারিক অংশীদার, শিশু অথবা প্যারেন্টকে সক্রিয় সামরিক পরিষেবায় বিদেশে মোতায়েন করা হয়।

PFL গ্রহণের ক্ষেত্রে আপনাকে অবশ্যই কিছু নির্দিষ্ট শর্তাবলি পূরণ করতে হবে: পূর্ণকালীন কর্মচারীদেরকে তাদের নিয়োগকারীর জন্য অবশ্যই ধারাবাহিকভাবে 26 সপ্তাহ কাজ করতে হবে; খণ্ডকালীন কর্মচারীদেরকে তাদের নিয়োগকারীর জন্য অবশ্যই 175 দিন কাজ করতে হবে, যা অবশ্য ধারাবাহিকভাবে হতে হবে না।

অবকাশ এবং বেতন সুবিধা

PFL বেতন সুবিধা হল আপনার AWW এর একটি শতকরা অংশ, SAWW এর একই শতকরা অংশ পর্যন্ত। PFL এর জন্য, AWW হচ্ছে PFL গ্রহণের পূর্বে বোনাস ও কমিশনসহ আপনার গত আট সপ্তাহের কাজের গড়ের সমপরিমাণ।

2018 সাল থেকে PFL এবং বেতন সুবিধা শুরু হয়েছে এবং 2021 সাল নাগাদ পূর্ণ সুবিধায় উন্নীত হবে।

বছর	ছুটির সপ্তাহ	সুবিধা
2020	10 সপ্তাহ	কর্মচারীর AWW এর 60%, SAWW এর 60% পর্যন্ত
2021	12 সপ্তাহ	কর্মচারীর AWW এর 67%, SAWW এর 67% পর্যন্ত

অধিকার এবং সুরক্ষা

- PFL ছুটির থাকাকালেও আপনি চাকরিতে বহাল থাকবেন এবং ছুটি থেকে ফেরার পরে একই কাজে/পদে বা সমান মর্যাদায় আবার যোগ দিয়ে আগের মতোই, সকল সুবিধাসহ চাকরি করতে পারবেন।
- একই শর্তে ছুটিতে থাকাকালীন আপনার স্বাস্থ্য বিমা অব্যাহত থাকে যেন আপনি কাজ চালিয়ে গিয়েছেন। যদি আপনি আপনার স্বাস্থ্য বিমার ব্যয়ে অর্থ প্রদান করেন, তবে ছুটিতে থাকাকালীন আপনাকে অবশ্যই আপনার ব্যয়ের অংশটি প্রদান করতে হবে।
- PFL এর জন্য অনুরোধ বা গ্রহণের ক্ষেত্রে আপনার সাথে বৈষম্যমূলক আচরণ বা দুর্ব্যবহার না করার জন্য নিয়োগকারীকে নিষেধ করা হয়েছে।

সবেতন পারিবারিক ছুটি তহবিল

সুবিধার খরচের সাথে খাপ খাওয়ানোর জন্য ডিপার্টমেন্ট অভ ফিন্যান্সিয়াল সার্ভিস কর্তৃক নির্ধারিত কর্মচারী বেতনভিত্তিক অর্থ প্রদানের মাধ্যমে সবেতন পারিবারিক ছুটি সম্পূর্ণরূপে অর্থায়িত করা হয়। অর্থ প্রদানের বর্তমান হার সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে **PaidFamilyLeave.ny.gov/cost**।

মওকুফের আওতা

যদি আপনি খণ্ডকালীন বা মৌসুমি কর্মচারী হয়ে থাকেন, তবে আপনি এই মওকুফের আওতাভুক্ত হতে পারেন। আপনি মওকুফের জন্য যোগ্য হবেন যদি আপনি:

- প্রতি সপ্তাহে নিয়মিত সময়সূচি অনুযায়ী 20 ঘন্টার কম সময় কাজ করেন এবং বছরে 175 দিনের বেশি কাজ করবেন না অথবা
- প্রতি সপ্তাহে নিয়মিত সময়সূচি অনুযায়ী 20 ঘন্টা বা তার বেশি সময় কাজ করেন কিন্তু একই নিয়োগকারীর অধীনে একটানা 26 সপ্তাহ কাজ করবেন না।

যদি আপনি যোগ্য হন, তাহলে আপনার নিয়োগকারীকে অবশ্যই মওকুফ প্রদান করতে হবে। যদি আপনি মওকুফের আওতাভুক্ত হন, তাহলে আপনাকে অর্থ প্রদান করতে হবে না এবং আপনি সবেতন পারিবারিক ছুটি সুবিধা ভোগের উপযুক্ত হবেন না। যদি আপনার সময়সূচি এমনভাবে পরিবর্তিত হয় যে আপনি মওকুফের জন্য যোগ্য না থাকেন, তাহলে আপনার মওকুফ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। আপনি যেকোনো সময় মওকুফ বাতিল করাও বেছে নিতে পারেন।

BN-Worker-farmbill-fs-1-v1 11-19 Bengali